

জাবি শিক্ষকদের দুই গ্রুপে হাতহাতি বিশ্ববিদ্যালয় দিবসের কর্মসূচি স্থগিত

জাবি সবেদমাত্র

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ছাত্র জুবায়ের হত্যাকাণ্ডের ঘটনায় শিক্ষক সমিতির জরুরি সাধারণ সভা শেষ হয়েছে শিক্ষকদের দু'গ্রুপের হাতহাতির মধ্য দিয়ে। অপরদিকে জুবায়ের হত্যায় জড়িত নেপথ্য নায়কদের শাস্তি ও প্রক্টরিয়াল বডি'র অপসারণ দাবিতে আন্দোলন অব্যাহত রয়েছে ক্যাম্পাসে। এছাড়া শিক্ষক সমাজ আজ ১২ জানুয়ারি বিশ্ববিদ্যালয়ের ৪১তম প্রতিষ্ঠাবার্ষিকীকে প্রতিবাদ দিবস হিসেবে পালনের ঘোষণা দেয়ার পর বিশ্ববিদ্যালয় প্রশাসনও পূর্বনির্ধারিত বিশ্ববিদ্যালয় দিবসের সব কর্মসূচি স্থগিত করেছে।

জানা যায়, জাবি শিক্ষার্থী জুবায়ের আহমেদ বাবু হত্যাকাণ্ডের ঘটনায় বুধবার সকাল সাড়ে ১০টায় জাহির রায়হান মিলনায়তনে অনুষ্ঠিত শিক্ষকদের জরুরি সাধারণ সভা দু'পক্ষের প্রচণ্ড হুঁশিয়ারি হৈচৈ এবং হাতহাতির মধ্য দিয়ে শেষ হয়। কোনো ধরনের সিদ্ধান্ত গ্রহণ ছাড়াই আজ বুধসপ্তিমবার সকাল ১০টা পর্যন্ত সভা মূলত বিক্রম হতে হয়েছে।

সভা সূত্রে জানা গেছে, শিক্ষক সমিতির সভাপতি এ এ মামুন সভা পরিচালনা করতে গেলে ফোর চাওয়ার নিয়ে হৈচৈ শুরু হয়। পরে জুবায়ের ইস্যুতে প্রক্টরিয়াল বডি'র পদত্যাগের দাবি ওঠে শিক্ষকদের মধ্য থেকে। এসময় প্রশাসনপন্থী শিক্ষকদের সঙ্গে ডিসিবিরোধী আওয়ামীপন্থী ও জাতীয়তাবাদী শিক্ষকদের হাতহাতির ঘটনা ঘটে।

ডিসিবিপন্থী শিক্ষক বসবন্ধু হলের প্রাধ্যক্ষ আবদুল মান্নান চৌধুরীর সঙ্গে বিএনপিপন্থী শিক্ষক কামরুল আহসান টিটোরও হাতহাতি হয়। এ বিষয়ে জানতে চাইলে শিক্ষক সমিতির সভাপতি এ এ মামুন বলেন- 'এটি তেমন কোনো বিষয় নয়, সামান্য ঘটনামাত্র, যা সহকর্মীদের মধ্যে ঘটতেই পারে।'

শিক্ষার্থীদের আন্দোলন অব্যাহত

এদিকে আজ ১২ জানুয়ারির বিশ্ববিদ্যালয় দিবসের সব কর্মসূচি স্থগিত করা হয়েছে। অন্যান্যবারের মতো এ বছরও বিশ্ববিদ্যালয় দিবস পালন করার সব প্রস্তুতিই প্রায় সম্পন্ন ছিল। ছাত্রলীগকর্মী যোবায়ের হত্যার পর ক্যাম্পাস শিক্ষার্থীদের আন্দোলনে উত্তাল হয়ে ওঠে। এ পরিস্থিতিতে শিক্ষক সমিতি : পৃষ্ঠা ১২ কলাম ৬

স্থগিত : জাবি

(শেষ পৃষ্ঠার পর)

সমাজ বিশ্ববিদ্যালয়ের ৪১তম প্রতিষ্ঠাবার্ষিকীকে প্রতিবাদ দিবস হিসেবে পালনের ঘোষণা দেয়। পরে বিশ্ববিদ্যালয় প্রশাসনও পূর্বনির্ধারিত বিশ্ববিদ্যালয় দিবসের সব কর্মসূচি স্থগিত করে।

শিক্ষার্থীদের আন্দোলন অব্যাহত গতকাল প্রায় তিন হাজার শিক্ষার্থী 'সম্রাসের বিরুদ্ধে জাহাঙ্গীরনগর' ব্যানারে কালোবাজ ধারণ ও শোকর্যালি বের করে। দুপুর ১২টার দিকে অমর একুশের সামনে থেকে বের হয়ে র্যালিটি পুরাতন কলা ভবনের সামনে থেকে শহীদ মিনারে মিনিত হয়। তারা স্বনির্দেশ মননদাতা ও ইচ্ছনদাতাদের আইনের আওতায় আনা, প্রক্টর ও নিরাপত্তাকর্মীর পদত্যাগ, জরাজীর্ণ মেডিকেল ভেঙে হাসপাতাল নির্মাণের দাবিতে এখনো অনড় রয়েছে।